বর্ডার গার্ড বাংলাদেশের মাসিক প্রকাশনা

# বিজিবি বুলেটিন

● প্রথম বর্ষ ● ১ম সংখ্যা ● মাঘ-ফাল্গুন ১৪২৬ ● ফেব্রুয়ারি ২০২০

## সূচিপত্র:

৯৪তম ব্যাচ রিক্রুট মৌলিক প্রশিক্ষণের সমাপনী কুচকাওয়াজ

সাইকোথেরাপিস্ট কর্তৃক ক্লাশ পরিচালনা

প্রশিক্ষণ পরিদর্শন

ICRC কর্তৃক প্রশিক্ষণ পরিচালনা

ভারী অস্ত্রের ফায়ারিং অনুশীলন

মার্সিডিজ বেঞ্জ Road Sweeper Vehicle Macroclean M60 ST (Italy) সংযোজন

বিজিবি সদস্যদের জন্য উন্নতমানের চাল ও গম সরবরাহের ক্ষেত্রে ওয়ারেন্টি প্রথা বাতিল

সেরা রিক্রুট

ক্রীড়াঙ্গনে বিজিবি

ই মেইল : bgbbuletin@gmail.com

ওয়েব সাইট : www.bgb.gov.bd



৯৪তম ব্যাচ রিক্রুট মৌলিক প্রশিক্ষণের সমাপনী কুচকাওয়াজে সালাম নিচ্ছেন মহামান্য রাষ্ট্রপতি

## ৯৪তম ব্যাচ রিক্রুট মৌলিক প্রশিক্ষণের সমাপনী কুচকাওয়াজ

বিজিটিসিএন্ডসি'র ব্যবস্থাপনায় পরিচালিত ৯৪তম ব্যাচ রিক্রুট মৌলিক প্রশিক্ষণের সমাপনী কুচকাওয়াজ অনুষ্ঠান গত ২৪ ফেব্রুয়ারি ২০২০ তারিখ অনুষ্ঠিত হয়েছে। উক্ত সমাপনী কুচকাওয়াজ অনুষ্ঠানে মহামান্য রাষ্ট্রপতি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সালাম ও অভিবাদন গ্রহণ করেন।



## প্রশিক্ষণ পরিদর্শন

২০২০ সালে ফেব্রুয়ারি মাসে এনডিসি-২০২০ কোর্সের recee & coord Team রাজশাহী সেক্টর, সিলেট সেক্টর, যশোর ব্যাটালিয়ন (৪৯ বিজিবি), সোনামসজিদ বিওপি, তামাবিল বিওপি ও স্থল বন্দর, পঞ্চগড় ব্যাটালিয়ন (১৮ বিজিবি) এর অধীনস্থ বাংলাবান্ধা বিওপি পরিদর্শন করেন।



এনডিসি পরিদর্শন টিমকে ফুল দিয়ে অভ্যর্থণা জানাচ্ছেন সেক্টর কমান্ডার, বিজিবি রাজশাহী



সাইকোথেরাপিস্ট কর্তৃক ক্লাস পরিচালনার দৃশ্য

## সাইকোথেরাপিস্ট কর্তৃক ক্লাশ পরিচালনা

বিজিবি'র বিভিন্ন ইউনিটে প্রশিক্ষণরত বিভিন্ন কোর্সের সৈনিক, রিক্রুট প্রশিক্ষণার্থী, বিজিবি পরিচালিত স্কুল, কলেজ সমূহ এবং প্রতিবন্ধীদের জন্য দীপ্ত সীমান্ত স্কুলের ছাত্র-ছাত্রীদের 'মানসিক স্বাস্থ্য' সম্পর্কিত মোটিভেশন লেকচার প্রদানের জন্য নিয়োগকৃত বেসামরিক সাইকোথেরাপিস্ট কর্তৃক ঠাকুরগাঁও, কুষ্টিয়া এবং বান্দরবান সেক্টরসহ অধীনস্থ ব্যাটালিয়ন সমূহে ফেব্রুয়ারি-২০২০ মাসে ক্লাশ পরিচালনা করা হয়েছে।

## ICRC কর্তৃক প্রশিক্ষণ পরিচালনা

ICRC কর্তৃক ১৭ ফেব্রুয়ারি কক্সবাজার ব্যাটালিয়ন (৩৪ বিজিবি), ১৮ ফেব্রুয়ারি টেকনাফ ব্যাটালিয়ন (২ বিজিবি) এবং ২০ ফেব্রুয়ারি নাইক্ষ্যংছড়ি ব্যাটালিয়ন (১১ বিজিবি) এ International Humanitarian law (IHL), International Human Rights Law (IHRL) and other international norms and standards বিষয়ের উপর বিজিবি সদস্যদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।



ICRC কর্তৃক ক্লাস পরিচালনার দৃশ্য

## ভারী অস্ত্রের ফায়ারিং অনুশীলন




ভারী অস্ত্রের ফায়ারিং অনুশীলন এর দৃশ্য

গত ০৭-১৩ ফেব্রুয়ারি ২০২০ তারিখ পর্যন্ত ঢাকা সেক্টর এর ভারী অস্ত্রের ফায়ারিং অনুশীলন ঢাকা ব্যাটালিয়ন (৫ বিজিবি) এর ব্যবস্থাপনায় ঘাটাইল ফিল্ড ফায়ারিং রেঞ্জে সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে।

## মার্সিডিজ বেঞ্জ Road Sweeper Vehicle Macroclean M60 ST (Italy) সংযোজন

বর্ডার গার্ড বাংলাদেশ এর জন্য মার্সিডিজ বেঞ্জ Road Sweeper Vehicle Macroclean M60 ST (Italy) মডেলের যানবাহনটি পরিচালনা ও রক্ষনাবেক্ষণের জন্য গত ০২ ফেব্রুয়ারি ২০২০ হতে ০৪ ফেব্রুয়ারি ২০২০ তারিখ পর্যন্ত ইতালী হতে আগত সরবরাহকারী প্রতিষ্ঠানের প্রশিক্ষক দ্বারা বিজিবি সদস্যদের প্রশিক্ষণ প্রদান করা হয়।




বিজিবিতে সংযোজিত মার্সিডিজ বেঞ্জ Road Sweeper Vehicle

## বিজিবি সদস্যদের জন্য উন্নতমানের চাল ও গম সরবরাহের ক্ষেত্রে ওয়ারেন্টি প্রথা বাতিল

বর্ডার গার্ড বাংলাদেশ এর সদস্যগণ দেশের প্রত্যন্ত অঞ্চলসহ দূর্গম সীমান্তে প্রতিকূল পরিবেশ এবং পরিস্থিতিতে কঠোর শারীরিক পরিশ্রম করে সার্বক্ষণিকভাবে অপারেশনাল কর্তব্য ও দায়িত্ব পালন করে। প্রত্যন্ত অঞ্চলে নিয়োজিত বর্ডার গার্ড বাংলাদেশের ইউনিট সমূহের চাহিদার ভিত্তিতে স্থানীয় জেলা/উপজেলা খাদ্য গুদাম হতে EP (Essential Priority) গ্রাহক হিসাবে চাল ও গম উত্তোলন করে থাকে। এ প্রেক্ষিতে বর্ডার গার্ড বাংলাদেশ এর সদস্যদের স্বাস্থ্যগত দিক, মনোবল ও কর্মোদ্দীপনা বৃদ্ধির লক্ষ্যে উন্নতমানের চাল ও গম সরবরাহের ক্ষেত্রে ওয়ারেন্টি প্রথা (বিতরণ সংকেত) শিথিল করার জন্য জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে পত্রালাপ করা হয়। এপ্রেক্ষিতে খাদ্য মন্ত্রণালয় কর্তৃক বিজিবি সদস্যদের জন্য উন্নতমানের চাল ও গম সরবরাহের ক্ষেত্রে ওয়ারেন্টি প্রথা (বিতরণ সংকেত) শিথিল করে খাদ্যশস্য প্রদানের জন্য খাদ্য অধিদপ্তর, ঢাকা'কে নির্দেশনা প্রদান করে। পরবর্তীতে খাদ্য অধিদপ্তর কর্তৃক গত ০৪ ফেব্রুয়ারি ২০২০ তারিখে বিজিবি সদস্যদের জন্য উন্নতমানের চাল ও গম সরবরাহের ক্ষেত্রে ওয়ারেন্টি প্রথা (বিতরণ সংকেত) শিথিল করার প্রয়োজনীয় কার্যক্রমের জন্য আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক অফিস সমুহে (ঢাকা/চট্রগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর) পত্রালাপ করার ফলে চাল ও গম সরবরাহের ক্ষেত্রে ওয়ারেন্টি প্রথা (বিতরণ সংকেত) শিথিল করায় বিজিবি সদস্যদের জন্য উন্নতমানের চাল ও গম সরবরাহ করা সম্ভব হচ্ছে। উল্লেখ্য, এর মাধ্যমে বিজিবি সদস্যদের দীর্ঘদিনের প্রত্যাশা পূরণ হবে।

## সেরা রিক্রুট



নং-১০৫১৮৩ সিপাহী (জিডি) মঈন উদ্দিন, বর্ডার গার্ড ট্রেনিং সেন্টার এন্ড কলেজ, বায়তুল ইজ্জত, চট্টগ্রামে অনুষ্ঠিত ৯৪তম ব্যাচ রিক্রুট মৌলিক প্রশিক্ষণে 'সর্ব বিষয়ে' সেরা রিক্রুট হওয়ার গৌরব অর্জন করে। সে মৌলিক প্রশিক্ষণ শেষে রাজশাহী ব্যাটালিয়নে (১ বিজিবি) যোগদান করে।

নং-১০৫৪৫৭ সিপাহী (জিডি) আনিকা আক্তার, বর্ডার গার্ড ট্রেনিং সেন্টার এন্ড কলেজ, বায়তুল ইজ্জত, চট্টগ্রামে অনুষ্ঠিত ৯৪তম ব্যাচ রিক্রুট মৌলিক প্রশিক্ষণে 'শারীরিক উৎকর্ষে' সেরা নারী রিক্রুট হওয়ারর গৌরব অর্জন করে। সে মৌলিক প্রশিক্ষণ শেষে সিলেট ব্যাটালিয়নে (৪৮ বিজিবি) যোগদান করে।



## ক্রীড়াঙ্গনে বিজিবি

**মহান বিজয় দিবস কাবাডি প্রতিযোগিতা ২০২০ :** গত ০৪-০৬ ফেব্রুয়ারি ২০২০ তারিখ পর্যন্ত মহান বিজয় দিবস কাবাডি প্রতিযোগিতা-২০২০ পল্টন, ঢাকায় অনুষ্ঠিত হয়েছে। উক্ত প্রতিযোগিতায় বিজিবি কাবাডি দল রানার-আপ হওয়ার গৌরব অর্জন করেছে।




মহান বিজয় দিবস কাবাডি প্রতিযোগিতা - ২০২০

**ন্যাশনাল র‍্যাংকিং-১ অরচ্যারী বাছাই পর্ব :** গত ০৭ ফেব্রুয়ারি ২০২০ তারিখে বাংলাদেশ আরচ্যারী ফেডারেশনের ব্যবস্থাপনায় "ন্যাশনাল র‍্যাংকিং-১" বাছাই পর্ব শহীদ আহসান উল্লাহ মাস্টার স্টেডিয়াম, টঙ্গী, গাজীপুরে অনুষ্ঠিত হয়েছে। উক্ত "ন্যাশনাল র‍্যাংকিং-১" বাছাই পর্বে বিজিবি আরচ্যারী দলের খেলোয়াড়গণ অংশগ্রহণ করেছে।

**ন্যাশনাল বিএএফ আরচ্যারী লীগ-১ :** গত ১৩ ফেব্রুয়ারি ২০২০ তারিখে বাংলাদেশ আরচ্যারী ফেডারেশনের ব্যবস্থাপনায় "ন্যাশনাল বিএএফ আরচ্যারী লীগ-১" শহীদ আহসান উল্লাহ মাস্টার স্টেডিয়াম, টঙ্গী, গাজীপুরে অনুষ্ঠিত হয়েছে। উক্ত লীগ-১ এ বিজিবি আরচ্যারী দলের খেলোয়াড়গণ অংশগ্রহণ করেছে।

**বিজিবি এ্যাথলেটিকস্ প্রতিযোগিতা- ২০২০ :** গত ১৬-১৯ ফেব্রুয়ারি ২০২০ তারিখ পর্যন্ত বিজিবি এ্যাথলেটিকস্ প্রতিযোগিতা-২০২০ রংপুর রিজিয়নের অধীনস্থ ফুলবাড়ী ব্যাটালিয়নের (২৯ বিজিবি) ব্যবস্থাপনায় অনুষ্ঠিত হয়েছে। উক্ত প্রতিযোগিতায় রংপুর রিজিয়ন চ্যাম্পিয়ন এবং যশোর রিজিয়ন রানার-আপ হওয়ার গৌরব অর্জন করেছে।

**৯ম সার্ভিসেস (পুরুষ ও মহিলা) রেসলিং প্রতিযোগিতা ২০২০ :** গত ২২-২৪ ফেব্রুয়ারি ২০২০ তারিখ পর্যন্ত বঙ্গবন্ধু জন্মশতবার্ষিকী উপলক্ষে ৯ম সার্ভিসেস (পুরুষ ও মহিলা) রেসলিং প্রতিযোগিতা-২০২০ শেখ রাসেল রোলার স্কেটিং কমপ্লেক্স, পল্টন, ঢাকায় অনুষ্ঠিত হয়েছে। উক্ত প্রতিযোগিতায় বিজিবি কুস্তি দল অংশগ্রহণ করে যৌথভাবে (আনসার ও বিজিবি) চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে।




৯৪তম রিক্রুট ব্যাচ এর সমাপনী কুচকাওয়াজ এর দৃশ্য